

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৫৯

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের উপর আবশ্যিক হলো মধ্যমপন্থার উপকরণ আঁকড়ে ধরা এবং যতটুকু আমল সম্পন্ন করতে তাতে শুভ সংবাদ গ্রহণ করা

ذَكَرَ الْإِخْبَارَ عَمَّا يَحِبُّ عَلَى الْمَرْءِ مِنْ لُزُومِ التَّسَدِيدِ فِي أَسْبَابِهِ مَعَ الْإِسْتِبْشَارِ بِمَا يَأْتِي مِنْهَا

আরবী

سَمِعْتُ الْفَضْلَ بْنَ الْحَبَّابِ يَقُولُ: سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ بَكْرِ بْنِ الرَّبِيعِ بْنِ مُسْلِمٍ يَقُولُ: سَمِعْتُ الرَّبِيعَ بْنَ مُسْلِمٍ يَقُولُ: سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَهْطٍ مِنْ أَصْحَابِهِ يَضْحَكُونَ فَقَالَ: (لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا) فَأَتَاهُ جَبْرِيلُ فَقَالَ: إِنَّ اللَّهَ قَالَ لَكَ: لِمَ تُقْنَطُ عِبَادِي؟ قَالَ: فَرَجَعَ إِلَيْهِمْ وَقَالَ: (سَدِّدُوا وَأَبْشَرُوا).

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 359 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৫৯. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর একদল সাহাবীর পাশ দিয়ে যাচ্ছিলেন এসময় তাঁরা হাঁসাহাসি করছিলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আমি যা জানি, যদি তোমরা তা জানতে তবে অল্প পরিমাণে হাঁসতে আর অধিক পরিমাণে কাঁদতে।” রাবী বলেন, অতঃপর তাঁর কাছে জিবরীল আলাইহিস সালাম আসেন এবং বলেন: “নিশ্চয়ই আল্লাহ আপনাকে বলেছেন, “আপনি আমার বান্দাদেরকে কেন নিরাশ করছেন?” রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের কাছে ফিরে যান এবং বলেন: “তোমরা মধ্যমপন্থা অবলম্বন করো এবং শুভ সংবাদ গ্রহণ করো।”[1]

ফুটনোট

[1] তাখরীজ ১১৩ নং হাদীসে দ্রষ্টব্য।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৯৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88658>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন